চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৯ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা ও সিনিয়র আইনজীবিদের সৌজন্য সাক্ষাত

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির কার্য্যকরী কমিটির নবনির্বাচিত নেতৃবৃন্দ ও সিনিয়র আইনজীবিরা ১৯ মার্চ ২০১৭ খ্রি. রবিবার বিকেলে নগরভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। মতবিনিময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আইনজীবিদেরকে সমাজের বিবেক হিসেবে আখ্যায়িত করে নগরবাসীর সার্বিক সেবা কার্যক্রমে আইনজীবিদের সহযোগিতা কামনা করে বলেন,নাগরিকদের হোল্ডিং ট্যাক্সের বিনিময়ে সিটি কর্পোরেশন বিধিবদ্ধ আইন দ্বারা সেবা নিশ্চিত করে থাকে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন গরীব জনগোষ্ঠির উপর কোন ধরনের ট্যাক্স ধার্য্য না করে সেবা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আশা করা যাচ্ছে ২০১৮ সনের মধ্যে নগরবাসী দৃশ্যমান পরিবর্তন দেখবে। নানামূখি জটিলতা প্রতিকূলতা, প্রতিহিংসা ও প্রতিবন্ধকতা ও সংকীর্ণতা মোকাবেলা করে নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করার প্রয়াস অব্যাহত আছে। দেশ ও জাতির প্রতি অঙ্গীকার থেকে সেবাকে গ্রহণ করা হয়েছে। আমি চাই সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় নাগরিক সেবা নিশ্চিত করতে তবে কোন কোন মহল বিকৃত মানষিকতা, ব্যক্তি স্বার্থ ও নোংরা রাজনীতিকে পুঁজি করে নাগরিক সেবার পথে প্রতিবন্ধকতার প্রয়াসে লিপ্ত। আশা করছি ঐসকল স্বার্থান্বেষী মহল নিজেদের ভূল বুঝে সঠিক অবস্থানে আসলে তাদের অন্তরদৃষ্টি খুলে যাবে। মেয়র আ জ ম নাছির উদ্দীন আইনজীবিদের নব নির্মিত ভবন শাপলা ও দোয়েলের জন্য ৩ টি লিফট প্রদান, কোর্ট বিল্ডিং এলাকায় আধুনিক গনশৌচাগার স্থাপন,ওয়াইফাই সুযোগ বৃদ্ধি, শতভাগ আলোকায়ন এবং কোর্টবিল্ডিং এলাকায় পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করার বিষয়টি আইনজীবিদের অবহিত করেন। তিনি বলেন ডোর টু ডোর বর্জ্য ব্যবস্থাপনা ধীরে ধীরে সফল হতে চলেছে। আশা করা যায় জুন মাসের মধ্যে চট্টগ্রাম নগরী পরিবেশ বান্ধব নগরীতে পরিণত হবে। মতবিনিময় সভায় চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির সভাপতি এড.রতন রায় ও সাধারন সম্পাদক মো. আবু হানিফ তাদের পেশাগত বিভিন্ন বিষয়াদি মেয়রের নিকট উপস্থাপন করেন। মতবিনিময় সভা উপস্থাপন করেন চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির সাবেক সভাপতি এড. মজিবুল হক চৌধুরী। মতবিনিময় সভায় সিনিয়র আইনজীবি এড.জসিম উদ্দিন খান, এড.একে এম সিরাজুল ইসলাম, এড.আইয়ুব খান, এড.নাজমুল আহসান খান, এড শেখ ইফতেখার সায়মন চৌধুরী, এড. অশোক কুমার দাশ, এড.এম এ নাছের চৌধুরী, অতিরিক্ত পিপি এড. দিদারুল আলম চৌধুরী, এড.সিনিয়র সহ সভাপতি কামরুন নাহার,সহ সভাপতি এড. জাহাঙ্গীর আলম চৌধুরী, সহ সাধারন সম্পাদক এড. মো. হাসান আলী চৌধূরী, অর্থ সম্পাদক এড. মহিউদ্দিন খান চৌধুরী, পাঠাগার সম্পাদক এড.আবদুল কাইয়ুম ভুইয়া, সাংস্কৃতিক সম্পাদক এড জোবাইদা সরোয়ার চৌধুরী নিপা, সাবেক সিনিয়র সহ সভাপতি মুজিবুর রহমান চৌধুরী, সাবেক অর্থ সম্পাদ এড. পাপড়ী সুলতানা, স্পেশাল পিপি কানু রাম শর্মা, অতিরিক্ত জিপি এড. মো. নুরুল আবছার, অতিরিক্ত পিপি অনুপম চক্রবর্তী, অতিরিক্ত জিপি মো. তৈয়ব কিরন, অতিরিক্ত পিপি সফিউল আলম সিদ্দিকী, আওয়ামী যুব আইনজীবি পরিষদের আহবায়ক এড.তসলিম উদ্দিন, বঙ্গবন্ধু যুব মহিলা আইনজীবি পরিষদের সদস্য সচিব এড. রোকসানা আকতার সহ অন্যরা।

চট্টগ্রাম- ১৯ মার্চ ২০১৭ খ্রি.

মাল্টি মিডিয়া ক্লাস, সিসি ক্যামেরা,খেলার মাঠ ও দেয়ালের গ্রিল নির্মাণ কার্যক্রম উদ্বোধন এবং কুলগাঁও সিটি কর্পোরেশন স্কুল ও কলেজ এর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ, একাদশ ও স্নাতক নবীণ শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজের দ্বিতল ভবনটির উপরো ১ কোটি ৩৩ লক্ষ টাকা ব্যয়ে আরো দুটি নতুন তলা নির্মাণ করা হবে। তিনি বলেন, ১০ লক্ষ টাকা ব্যয়ে মাঠ ভরাট এবং ৫ লক্ষ টাকা ব্যয়ে গ্রিল নির্মাণ করা হয়েছে। মেয়র শিক্ষার্থীদের সুশিক্ষা অর্জণ করে জননেত্রী শেখ হাসিনা'র ভিশন বাস্তবায়নের লক্ষে সুনাগরিক হিসেবে গড়ে উঠার পরামর্শ দেন। তিনি বলেন, সিটি কর্পোরেশনের শিক্ষা কার্যক্রম আরো মানসম্মত এবং শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বাড়ানোর পরিকল্পনা রয়েছে। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, কর্পোরেশনভূক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের আসন সংখ্যা বৃদ্ধি, ছাত্র-ছাত্রীদের বসার ব্যবস্থা, নতুন নতুন ভবন গড়ে তুলে শিক্ষার অধিকারকে সুনিশ্চিত করা হবে। আগ্রহী কোন শিক্ষার্থী যাতে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত না হয়, সেদিকে সিটি কর্পোরেশনের শিক্ষা বিভাগকে লক্ষ রাখতে হবে। মেয়র বলেন, আধুনিক প্রযুক্তি নির্ভর শিক্ষা ও মানসম্মত শিক্ষার সুযোগ সিটি কর্পোরেশনের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান। মানে ও গুনে শতভাগ ভাল ফলাফলের ভিত্তিতে পরিচালিত হবে শিক্ষা প্রতিষ্ঠান। মেয়র আ জ ম নাছির উদ্দীন শিক্ষার্থীদের চরিত্রবান, নীতি-নৈতিকতায় ও মূল্যবোধ সম্পন্ন গুনাবলী অর্জনে সচেষ্ট হওয়ার পরামর্শ দেন। তিনি বলেন, নীতিহীন, আদর্শহীন ও চরিত্রহীন মানুষের শিক্ষা কোন কাজে আসে না। তিনি বলেন, মা-বাবা, শিক্ষক, প্রতিবেশি, সমাজ ও দেশের প্রতি প্রতিজ্ঞা নিয়ে দেশপ্রেমে বলিয়ান হয়ে নিজেদের ক্যারিয়ার গড়তে হবে। ১৯ মার্চ ২০১৭ খ্রি. রবিবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কুলগাঁও স্কুল এবং কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ এবং একাদশ ও স্নাতক (পাস) ১ম বর্ষের শিক্ষার্থীদের নবীণ বরণ, মাল্টি মিডিয়া ক্লাস, সিসি ক্যামেরা,খেলার মাঠ ও দেয়ালের গ্রিল নির্মাণ কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সব কথা তুলে ধরেন। অত্র কলেজ মাঠে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ২ ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব সাহেদ ইকবাল বাবু। এতে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও কাউন্সিলর নাজমুল হক ডিউক, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর সৈয়দা কাশফিয়া নাহরিন দিশা,অত শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্য মো. ইয়কুব, খন্দকার সিরাজুল আলম, সফিকুল আলম সহ অন্যরা। স্বাগত বক্তব্য রাখেন কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ মো. আমিনুল হক খান। বক্তব্য রাখেন কুলগাঁও সিটি কর্পোরেশন স্কুলের প্রধান শিক্ষক এস এম এহসান উদ্দিন। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মেয়র ও অতিথিদের ক্রেস্ট ও ফুল দিয়ে স্বাগত জানানো হয়। পরে মেয়র বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে অত্র কলেজ এর গর্ভনিং বডির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। মেয়র স্কুল এবং কলেজের প্রত্যেকটি শ্রেনীকক্ষ ঘুরে ঘুরে দেখেন এবং স্কুল এবং কলেজের সুন্দর পরিবেশ রক্ষার জন্য নির্দেশনা দেন।

চট্টগ্রাম-১৯ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ১৯ মার্চ ২০১৭ খ্রি. রবিবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত এর মাধ্যমে অভিযান পরিচালিত হয়। অভিযানকালে সদরঘাট থানাধীন পশ্চিম মাদারবাড়ী এলাকায়

বিষাক্ত কাপড়ের রং ব্যবহার করে বেকারীর খাদ্য উদপাদন করার অপরাধে ভোক্তা অধিকার আইনে মাহফুজুর রহমান বেকারীকে ৪০ হাজার টাকা ও মানব দেহের জন্য ক্ষতিকারক এ্যামোনিয়া ব্যবহার করে বেকারীর খাদ্য তৈয়ার করার অপরাধে প্যারাগণ বেকারীকে ১০ হাজার টাকা সহ সর্বমোট ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অপর অভিযানে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট যুথিকা সরকার এর নেতৃত্বে দ্যারোগাহাট রোড পূর্ব মাদারবাড়ীতে অস্বাস্থ্যকর, নোংরা পরিবেশ ও খাদ্য দ্রব্যের উপর পার্শ্বের নালার মশা-মাছি বসায় জাফর বেকারীর মনির উদ্দিনকে ৫ হাজার টাকা, পশ্চিম মাদারবাড়ীতে বিষাক্ত রং, নোংরা ফ্লোর ও খাবার অনুপযুগি তেল ব্যবহার ব্যাবহার, কর্মরত শ্রমিকদের হাতে গ্লাবস না থাকায় এস এস ফুডকে ৪০ হাজার টাকা, যুগি চাঁন্দ মসজিদ লেইনস্থ অস্বাস্থ্যকর,নোংরা পরিবেশ কারখানায় নিয়োজিত শ্রমিকরা ময়লাযুক্ত পায়ে খাবার রুটি তৈরী করায় এবং রুটির বক্সে তৈলাক্তযুক্ত থাকায় এবং হাতে গ্লাবস না থাকায় প্রগতি বেকারীর মো. মামুনকে ২০ হাজার টাকা সহ সর্বমোট ৬৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি-ষ্ট কর্মকর্তা/কর্মচারীগণও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম-১৯ মার্চ ২০১৭ খ্রি.

পশ্চিম বাকলিয়া নেপচুন ক্লাব কর্তৃক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাঙালির স্বাধীনতার স্বপ্ন স্বাধ ছিল অনেক আগ থেকে। কিন্তু হাজার বছর ধরে চেষ্টা করেও বাঙালি জাতি স্বাধীন হতে পারেনি। বঙ্গবন্ধু জন্মে ছিলেন বলে ১৯৭১ সালে তারই সুযোগ্য নেতৃত্বে আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি। তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে তরুন প্রজন্মকে দায়িত্ব নিতে হবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন উপলক্ষে ১৮ মার্চ ২০১৭ খ্রি. শনিবার পশ্চিম বাকলিয়া নেপচুন ক্লাব আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, লালখান বাজার ওয়ার্ড আওয়ামীলীগ সাধারণ সম্পাদক দিদারুল আলম মাসুম। এসময় পশ্চিম বাকলিয়া ওয়ার্ড আওয়ামীলীগ যুগ্ম সম্পাদক মাসুদ করিম টিটু,আন্দরকিল্লা ওয়ার্ড আওয়ামীলীগ সাধারণ সম্পাদক দিদারুল আলম,সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা আবদুল্লাহ আল মামুন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে একশ জন শিক্ষার্থীকে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা